

পলায়নপর জলরাশি

তীর থেকে ছুটে চলে গেছে দূরে।
তীরে জেগে আছে বিভ্রম,
বিভ্রম কাতর নিদাণ কোলাহল।
জলের শরীর ছিঁড়ে পাথুরে ভঙ্গি
বিদ্ধ হয়ে আছে কোলাজের মত।
সমস্ত রঙের তন্ত্রী ছিঁড়ে ফেলে
তটভূমি জুড়ে শুধু অর্বাচীন কোলাহল।

যেন দীর্ঘদিন পর পৃথিবীতে এল
মানুষের কাঙ্ক্ষিত অপমৃত্যু।
যেন নতুন গোলার্ধে জন্মাচ্ছে
কোন ঘাসহীন পৃথিবী।
মানুষের মত গবাদি পশুরা ক্ষুরে ক্ষুরে
রক্তবদ্ধ জমাট সময়কে
খুঁটে খাচ্ছে দাণ ভাবনায়।

দাণ বিকল্প খুঁজে জলরাশি
গোপনে, গভীরে পাথর হয়েছে।
চিত্র নয়, চিত্রের মত কোলাজে
বিদ্ধ হয়ে আছে ছেঁড়াফাটা জলের শরীর।

মানসী সরকার

